মেহেরপুরে ১’শ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ১’শ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক ব্যসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। সোমবার দুপুরে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের ঈদগাহ মাঠের সামনে থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো, চুয়াডাঙ্গা জেলার কার্পাসডাঙ্গা গ্রামের ইউনুস আলীর ছেলে রেজাউল হক (৪০), একই গ্রামের হাইদার আলীর স্ত্রী বেগম (৫০), মাজ্জুল হোসেন এর ছেলে শাহাজামাল মিয়া (৩৮)।

এসময় তাদের সাথে থাকা একটি ইজিবাইক, ৩টি মোবাইল জব্দ করা হয়। অভিযানে অংশনেন এ এস আই মাহাতাব ও এ এস আই জসিম উদ্দিন।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামে অভিযান চালিয়ে ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃতদের বিরুদ্ধে মুজিবনগর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনা থানা পুলিশের অভিযানে ফেনসিডিল ও গাজা সহ ১ জন আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২৪ বোতল ফেনসিডিল এবং ২ কেজি গাঁজা সহ ১জন মাদক ব্যবসায়িকে আটক করেছে পুলিশ।

পুলিশ জানায় দর্শনা থানার ওসি জনাব মোঃ মাহাবুবুর রহমান কাজল এর নেতৃত্বে গতকাল দুপুর ২ ঘটিকার সময়, গোপন সংবাদের ভিত্তিতে

দর্শনা থানার এস আই মোঃ সাইফুল ইসলাম,এ এস আই হারুন অর রশিদ, এ এস আই মারুফুল ইসলাম ও সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন মদনা গ্রামের গেট পাড়া থেকে মোজাম্মেল হাজীর মেহগনি বাগানের মধ্যে হইতে অভিযান চালিয়ে ২৪ বোতল ফেনসিডিল এবং ২ কেজি গাঁজা সহ আসামি মোঃ হাবিবুর রহমান (২৫) কে আটক করা হয়।

আসামী হাবিবুর পিতা-মোঃ মুকুল আলী, মাতা-মোছাঃ মাজেদা খাতুন এর ছেলে, গ্রেফতার কৃত আসামী মোঃ হাবিবুর চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার ঝাঝাডাঙ্গা বেলে মাঠপাড়া গ্রামের বাসিন্দা । গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

গাংনীতে ১৮২ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে ১৮২ বোতল ফেন্সিডিল সহ আসাদ আলী নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ।

শনিবার রাত সাড়ে ৮টায় বাওট এলাকা থেকে তাকে গ্রেফতার করে জেলা গোয়েন্দা পুলিশ।

গ্রেফতারকৃত আসাদ আলী তেঁতুলবাড়িয়া ইউনিয়নের কল্যানপুর গ্রামের জামান আলীর ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের উপ পরিদর্শক (এস আই) অজয় কুমার কুন্ডু জানান, করমদি এলাকা থেকে একটি পাখিভ্যান যোগে ফেন্সিডিল পাচার করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নির্দেশে অভিযান চালিয়ে আসাদ আলীকে গ্রেফতার করা হয়।

এসময় পাখিভ্যান থেকে ১শ’৮২ বোতল ফেন্সিডিল উদ্ধার ও ফেন্সিডিল পাচারের ব্যবহৃত একটি পাখি ভ্যান জব্দ করা হয়।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান,মাদক ব্যবসায়ী আসাদ আলীকে জিজ্ঞাসাবাদ শেষে তার বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূবর্ক গাংনী থানায় হস্তান্তর করা হবে।

কোটচাঁদপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ফেন্সিডিলসহ ইমরান সিদ্দিকী (২৭) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ।

গত শুক্রবার রাতে শহরের পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় এলাকা থেকে তাকে আটক করা হয়। পরে তার স্বীকারোক্তি অনুযায়ী কলেজ বাসস্ট্যান্ড এলাকায় একটি চাতালে অভিযান চালিয়ে ১২ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করে পলিশ। আটককৃত মাদক ব্যবসায়ী যুবক পৌর শহরের কলেজ বাসস্ট্যান্ড পূর্ব পাড়ার মোশারফ হোসেন মন্ডলের ছেলে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে শুক্রবার সন্ধ্যায় শহরের একটি কফি হাউজ থেকে মাদক ব্যবসায়ী ইমরানকে আটক করা হয় ।

পরে তার স্বীকারোক্তি অনুযায়ী রাত ১২টার দিকে কলেজ বাসস্ট্যান্ড এলাকার একটি পরিত্যাক্ত জায়গা থেকে ১২ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। আটক মাদক কারবারি যুবকের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। গতকাল শনিবার তাকে জেল হাজতে প্রেরণ করা হয়।

মেহেরপুরে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর ১৫ পিচ ইয়াবাসহ তাহের শেখ (৩০) নামের এক মাদক

ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে মেহেরপুর শহরের বোসপাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক তাহের শেখ মেহেরপুর পুরাতন পোস্ট অফিসপাড়ার সুরুত শেখ এর ছেলে।

অভিযানে আরও উপস্থিত ছিলেন এএসআই ইব্রাহিম বিশ্বাস, জসিম উদ্দিন ও আহসান।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে ডিবির একটি চৌকশ দল মেহেরপুর শহরে অভিযান চালিয়ে ইয়াবাসহ একজন মাদক ব্যবসায়ী আটক করা হয়েছে।

তার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ৫০ পিচ ইয়াবাসহ মিজানুর রহমান (২০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে বৃহস্পতিবার রাতে গাংনী উপজেলার কাজিপুরের বেত বাড়িয়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক মিজানুর রহমান কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার দাইড়পাড়া গ্রামের জনিরুল ইসলামের ছেলে।

এছাড়াও পৃথক অভিযানে এ এস আই জসিমউদদীন মুজিবনগর থানার মোনাখালি এলাকা হইতে পরিত্যক্ত অবস্থায় একটি বাজাজ বক্সার মোটরসাইকেল উদ্ধারপূর্বক জব্দ করেন।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গাংনী এলাকা থেকে ইয়াবাসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা

হয়েছে। এছাড়াও পরিত্যক্ত অবস্থায় একটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

কালীগঞ্জে মহিলা মাদক ব্যবসায়ী সহ আটক ২

ঝিনাইদহের কালীগঞ্জ থানা পুলিশ অভিযান চালিয়ে মহিলা ইয়াবা ব্যাবসায়ীসহ দু’জনকে আটক করেছে। মঙ্গলবার বেলা ১১ টার সময় কালীগঞ্জ কলাহাটা মোড়ের জামাল উদ্দীনের বাড়ি থেকে লাইজু খাতুন
(২৪) ও সাইফুল ইসলাম (১৯) নামে দুইজন কে

আটক করা হয়। আটককৃত লাইজু খাতুন কালীগঞ্জ আড়পাড়া মাঠ পাড়া গ্রামের আঃ মাজেদের স্ত্রী ও সাইফুল ইসলাম ভোলা জেলার শশিভূষণ থানার জাহানপুর গ্রামের আব্দুল খালেকের ছেলে।মাদক ব্যাবসায়ী দুইজন দীর্ঘদিন জামালের বাড়ি ভাড়া নিয়ে মাদক ব্যাবসা চালিয়ে যাচ্ছিলো বলে এলাকা বাসি জানান। কালীগঞ্জ থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে ওই বাড়িতে অভিযান চালিয়ে বাড়ির বেডরুম থেকে ৬৬ পিচ ইয়াবা ও ইয়াবা

বিক্রির নগদ ৫হাজার ৫শ টাকা উদ্ধার করে। কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহফুজুর রহমান মিয়া জানান, কালীগঞ্জকে মাদক মুক্ত করার লক্ষে অভিযান পরিচালনা করা হচ্ছে। তারই লক্ষে আজ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে মহিলা মাদক ব্যবসায়ীসহ দু’জন ইয়াবা ব্যাবসায়ীকে আটক করা হয়েছে। আদালতের মাধ্যমে তাদেরকে জেল হাজতে পাঠানো হবে।

দর্শনার বড়বলদিয়ায় ফেনসিডিলসহ একজন আটক

দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৪৮ বোতল ফেনসিডিলসহ মোঃ জালাল হোসেন (৪০) কে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায় গতকাল দুপুর ০২.৩০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান কাজল নেতৃত্বে এস আই সাইফুল এএসআই মহিউদ্দিন, এ এস আই আনোয়ারুল ও সঙ্গীয় ফোর্স নিয়ে ৪৮ বোতল ফেনসিডিলসহ আসামি মোঃ জালাল হোসেন কে গ্রেপ্তার করা হয়।

পুলিশ জানায় আসামি মোঃ জালাল হোসেন দর্শনা থানার বড়বলদিয়া গ্রামের পিতাঃ মোঃ জলিল বিশ্বাস এর ছেলে ।

পুলিশ আরও জানায় ধৃত আসামির বাড়ি হতে তাকে ফেনসিডিলসহ গ্রেফতার করা হয়েছে এবং আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

মেহেরপুরে পৃথক অভিযানে দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে পৃথক অভিযান চালিয়ে দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

শুক্রবার সন্ধায় এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো ২০ পিচ ইয়াবাসহ কাজিপুর হাজিপাড়ার আনেচুর রহমানের ছেলে সেলিম রেজা (২২) ও ১০ বোতল ফেন্সিডিলসহ একই গ্রামের জামাদার পাড়ার আজিম উদ্দিন এর ছেলে ইমরান হোসেন (২৩)।

এসময় ইমরানের সাথে থাকা একটি মোটরসাইকেলও জব্দ করেছে ডিবি পুলিশ।

এ বিষয়ে জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, গোপন সংবাদের ভিত্তিতে একই গ্রামে অভিযান চালিয়ে ডিবির একটি দল দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে। এ সময় তাদের বহন করা হেরোইন ও ফেন্সিডিল উদ্ধার করা হয়।

এ বিষয়ে গাংনী থানায় দুইটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় ফেনসিডিলসহ গ্রেফতার এক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১০ বোতল ফেনসিডিলসহ কাকলিকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায় গতকাল রাত ১০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ইন্সপেক্টর (ওসি) তদন্ত শেখ মাহবুবুর রহমান নেতৃত্বে এস আই সাইফুল এএসআই মহিউদ্দিন, এ এস আই আনোয়ারুল ও সঙ্গীয় ফোর্স নিয়ে ১০ বোতল ফেনসিডিলসহ আসামি মোছাঃ কাকলি (২৮) কে গ্রেপ্তার করা হয়। পুলিশ জানায় আসামি মোছাঃ কাকলি স্বামীঃ মৃতঃ সাইদুর রহমান, গ্রাম ঈশ্বরচন্দ্রপুর, থানাঃ দর্শনা, জেলা চুয়াডাঙ্গা এর বাসিন্দা ।

পুলিশ আরো জানায় ধৃত আসামির বাড়ি হতে তাকে ফেনসিডিলসহ গ্রেফতার করা হয়েছে এবং আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।